



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2021

গভর্নর ক্যাথি হোকল

2022 সালের স্টেট অব দ্যা স্টেট 5 জানুয়ারিতে আলবানিতে অ্যাসেম্বলি চেম্বারে আয়োজিত হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 2022 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণটি বুধবার, 5 জানুয়ারি নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি চেম্বারে আয়োজিত হবে। এর মধ্য দিয়ে এক দশকে এই প্রথমবারের মতো একজন ক্ষমতাসীন গভর্নর অ্যাসেম্বলি চেম্বারের ভেতরে স্টেট অব দ্যা স্টেট ভাষণ দিতে যাচ্ছেন।

"গত চার মাসে আমরা নিউ ইয়র্কবাসীদের সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলো মোকাবেলায় এগিয়ে যাওয়ার উদ্দেশ্যে, স্টেটব্যাপী আমাদের টিকাদানের হার বৃদ্ধি থেকে শুরু করে কষ্টকর পরিস্থিতির সম্মুখীন হওয়া ভাড়াটীয়া ও বাড়ির মালিকদের ত্রাণ প্রদান করাসহ বৃহৎ কিছু পদক্ষেপ গ্রহণ করেছি" **বলেছেন গভর্নর হোকল।** "আমি 2022 স্টেট অব দ্যা স্টেট ভাষণটি গত এক দশকে এই প্রথমবারের মতো নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি চেম্বারে আয়োজন করার এবং আমার আইনপ্রণেতা অংশীদারদের সাথে সামনের বছরগুলোর জন্য আমার ভিশন শেয়ার করার প্রতীক্ষা করছি। আমি জানি যে একসঙ্গে কাজ করে নিউ ইয়র্কবাসীরা আমাদের সামনে আসা যেকোনো চ্যালেঞ্জ মোকাবেলা করতে সক্ষম।"

কোভিড-19 সংক্রান্ত সতর্কতামূলক পদক্ষেপগুলো কঠোরভাবে মেনে চলা হবে, এবং অনুষ্ঠানের আগে সুনির্দিষ্ট প্রটোকল ঘোষণা করা হবে। অতিথিদের বসার ব্যবস্থা ও ওভারহেল্প এরিয়া সম্পর্কিত তথ্য শীঘ্রই শেয়ার করা হবে। অতিথিদের মনে করিয়ে দেয়া হচ্ছে যে আগ্নেয়াস্ত্র ও নিয়ন্ত্রিত দ্রব্যগুলোর পাশাপাশি অনুষ্ঠানটিতে ব্যাগ, ব্যাকপ্যাক, লাগেজ, পার্সেল, ব্রিফকেস এবং এধরনের জিনিসপত্র নিয়ে আসা কঠোরভাবে নিষিদ্ধ থাকবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)